

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা,

তোমাদের স্বাগতম জানাচ্ছি আজকের ক্লাসে। আজকের ক্লাসে আমরা শিখে নিবো কীভাবে সহজে ইংরেজিতে নিজেদের পরিবার, বন্ধু-বান্ধবদের সম্পর্কে বিভিন্ন প্রশ্ন উত্তর করতে হয়। আমরা আরো শিখে নিবো কীভাবে ইংরেজিতে শুভেচ্ছা আদান প্রদান করতে হয়।

প্রথমেই আমরা কিছু শব্দের অর্থ জেনে নেই:

Mother- মা

What- কি?

Bye- বিদায়

Father- বাবা

Hello – শুভেচ্ছা

Brother- ভাই

How many- কত জন?


Sister- বোন

members- সদস্য

Friend- বন্ধু

শব্দগুলো তো পড়বেই, তার সাথে নিচের গল্পটি পড়ে নিতে পারো:

আমার বাসায় একটা ছোট বিড়াল মাঝে মাঝে ঘুরতে আসে। বিড়ালের নাম পুচি। পুচির বাসা চট্টগ্রামের আগ্রাবাদে। চলো তার পরিবারের সাথে পরিচিত হয়ে যাই আগে।




একদিন হঠাত করে পুচি এসে টম এর সামনে দাড়ালো ।



Hello Tom.

Hello মানে কী?



Hello অর্থ হচ্ছে শুভেচ্ছা।
মানুষদের যখন একজন
আরেকজনের সাথে দেখা
করে তখন তারা Hello বলে ।



আর কি বলে?



মানুষরা সকালবেলা দেখা হলে Good
Morning বলে, দুপুরে দেখা হলে Good
Noon বলে, বিকালে দেখা হলে Good
Afternoon বলে আর রাতে ঘুমাতে যাওয়ার
সময় Good Night বলে।



আমি আমার বাসার সব family members কে এখন
থেকে hello, good morning, good noon, good
afternoon, good night বলবো




How many members are
there in our family?



বুঝি নাই তো !

How many অর্থ কত জন । members
অর্থ সদস্য । আর family অর্থ পরিবার।
তাহলে পুরো লাইনটার অর্থ কি
দাড়াচ্ছে?



পুরো লাইনটার অর্থ হচ্ছে ' আমাদের
পরিবারে কয়জন সদস্য আছেন?
আমাদের পরিবারে তো চার জন সদস্য
আছেন ।





তাহলে তোমাকে প্রতিটা কথা দিনে ৩ বার
বলতে হবে। আর friend (বন্ধু) দেরকে যদি
বলো তাহলে তো আরো বেশী বার বলতে হবে।

ঠিক আছে বলবো। আমি এখন
যাই। বিকাল হয়ে আসছে। সবাইকে
Good afternoon বলতে হবে।



এভাবে চলে গেলে তো হবে না।
যাওয়ার সময় bye বলতে হবে।




Goodbye Puchi



1/ এবার তাহলে নিচের ছকটি নিজে নিজে মিলাও-
(তোমাদের সুবিধার জন্য একটি করে দেওয়া আছে।)



Good Afternoon



Good Night



Good Morning



Bye




Hello

2/ Draw a picture of your family and identify the family members.

3/ Tick the correct answers following the picture:

Look at the family of Rita and Tick the Correct Answer



- a) What is the name of Rita's Brother? Moinul / Rasel
- b) What is the name of Rita's sister? Sumaiya / Momena
- c) How many brothers and sisters Rita have? 2 / 3 / 4
- d) How many members are there in Rita's family? 4 / 5 / 6

অনেক কিছু শিখে ফেললে তোমরা । এবার তাহলে তোমরা নিজেদের চারপাশের সবাইকে Hello, Good Morning, Good Afternoon, Good Night, Good Bye বলা শুরু করে দাও আর তোমার পড়া ছড়িয়ে দাও সবার মাঝে।